

# সৃজনশীল পদ্ধতি চালু থাকবে

**নিজস্ব প্রতিবেদক**

১০ জুন ২০১৯ ০০:০০ | আপডেট: ১০ জুন ২০১৯ ১১:১৮



শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, সৃজনশীল প্রশ্নপত্র নিয়ে নানা আলোচনা আছে। তবে সারা বিশ্বে এ পদ্ধতি চালু আছে; তাই আমাদের দেশেও থাকবে। এ পদ্ধতি কীভাবে আরও উন্নত, সুন্দর ও সহজবোধ্য করা যায় তা নিয়ে চিন্তাভাবনা করতে হবে। উন্নয়ন ঘটাতে হবে এ পদ্ধতির।

ঈদুল ফিতরের ছুটির পর গতকাল দুপুরে সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ে নিজ দণ্ডের কর্মকর্তাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময়ের পর সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, এবার ঈদ অন্য বছরের চেয়ে স্বত্ত্বাধায়ক মনে হয়েছে। সবাই ভালোভাবে ঈদ করে ফিরে আসতে পেরেছেন। তিনি আরও বলেন, এক সময় সব শিশুকে বিদ্যালয়ে এনে শতভাগ এনরোলমেন্ট অর্জন আমাদের লক্ষ্য ছিল। এখন সবাইকে বিশ্বমানের শিক্ষা কী করে দেওয়া যায়, তা নিয়ে কাজ করে যেতে হবে। এ সময় আরও উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. আলমগীর, অতিরিক্ত সচিব মাহমুদুল হক, অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) নাজমুল হক খান, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ডিজি সফিউন্ডিন আহমেদ, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক জিয়াউল হক প্রমুখ।